বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
পঞ্চগড়
www.ecs.gov.bd.

নং-১৭.০৮.৭৭০০.০০০.৪৪.০০১.২৬-২৭৭ তারিখঃ ১০ আগস্ট ২০২৬ খ্রী.

## বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ১৫ জুলাই ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৯০.৪৪.০১২.২৬-৩৭১ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) এবং স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) নির্বাচনের খসড়া ভোটকেন্দ্রের তালিকা সর্বসাধারণের জ্ঞাতার্থে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রকাশ করা হলো। উক্ত খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করে চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা প্রণয়নের লক্ষ্যে নিম্নোক্ত সময়সূচী নির্ধারণ করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ক) | ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ | : | ১০ আগস্ট ২০২৬ |
| খ) | ভোটকেন্দ্রের খসড়া তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ | : | ১৮ আগস্ট ২০২৬ |
| গ) | প্রাপ্ত দাবী/আপত্তির নিস্পত্তির শেষ তারিখ | : | ২৩ আগস্ট ২০২৬ |
| ঘ) | সম্ভাব্য ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ | : | ২৭ আগস্ট ২০২৬ |

নিম্নবর্ণিত স্থানে উক্ত খসড়া ভোটকেন্দ্রের তালিকা আগামী ১৮ আগষ্ট ২০২৬ তারিখ পর্যন্ত পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে:

১। জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, পঞ্চগড়।
২। উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়(সকল), পঞ্চগড়।
৩। উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় (সকল), পঞ্চগড়।
৪। সংশ্লিষ্ট উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কার্যালয়, পঞ্চগড়।

প্রকাশ থাকে যে, প্রকাশিত সম্ভাব্য ভোটকেন্দ্র সম্পর্কে কারও কোন দাবী/আপত্তি থাকলে তা আগামী ১৮ আগস্ট ২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে জেলা নির্বাচন অফিসার, পঞ্চগড় বরাবর লিখিত আবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় অথবা সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। উক্ত তারিখ ও সময়ের পরে এ সম্পর্কিত কোন দাবী/আপত্তি গ্রহণ করা হবে না।

(মোঃ মঞ্জুরুল হাসান)
জেলা নির্বাচন অফিসার
পঞ্চগড়।
ফোনঃ ০২৫৮৭৭১৮৩৫৫ (অফিস)

নং- ১৭.০৮.৭৭০০.০০০.৪৪.০০১.২৬- তারিখঃ ১০ আগস্ট ২০২৬ খ্রী.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
৫। পুলিশ সুপার, পঞ্চগড়।
৬। প্রশাসক,..................................পৌরসভা (সকল), পঞ্চগড়।
৭। প্রশাসক,.................................উপজেলা পরিষদ (সকল), পঞ্চগড়।
৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল),.......................... পঞ্চগড়।
৯। জেলা তথ্য অফিসার, পঞ্চগড়।
১০। উপজেলা নির্বাচন অফিসার (সকল), পঞ্চগড় [বিজ্ঞপ্তিসহ ভোটকেন্দ্রের তালিকা তাঁর আওতাধীন , উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ে পৌছানোর ব্যবস্থা গ্রহণসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো]।
১১। অফিসার ইন-চার্জ,................................ সকল থানা পঞ্চগড়
১২। চেয়ারম্যান/ প্রশাসক ............................., ইউনিয়ন পরিষদ (সকল), পঞ্চগড় [ভোটকেন্দ্রের তালিকা প্রদর্শণ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।

জেলা নির্বাচন অফিসার
পঞ্চগড়।